

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd


স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬ - ৭ ১

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ এর পরিশিষ্ট “ঘ”-এর ৪০, ৪১ ও ৪২ অনুচ্ছেদ অনুযায়ী যথাক্রমে ইবতেদায়ী মৌলভী, ইবতেদায়ী শিক্ষক এবং ইবতেদায়ী র্বারী পদে নতুন নিয়োগপ্রাপ্তদের গ্রেড-১৬ প্রদান করা হবে। পূর্বে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ নির্ধারিত যোগ্যতা অর্জন সাপেক্ষে গ্রেড-১৩ প্রাপ্তির যোগ্যতা অর্জন করবেন।

বর্তমান মেমিস (MEMIS) সফটওয়্যার ব্যবস্থায় গ্রেড-১৫ বা গ্রেড-১৬-এ কর্মরত শিক্ষকদের উচ্চতর স্কেলের মাধ্যমে গ্রেড-১৩ প্রাপ্তির সুযোগ নেই। নতুন ও পূর্বে নিয়োগপ্রাপ্ত উভয়ের ১৩ গ্রেড প্রাপ্তির জন্য নীতিমালা সংশোধনের কাজ চলমান রয়েছে। দ্রুততম সময়ে মেমিস (MEMIS) সফটওয়্যারে “পুনঃনিয়োগ” অপশনের মাধ্যমে আবেদন গ্রহণের বিষয়ে পৃথক বিজ্ঞপ্তি জারি করা হবে। পাশাপাশি ল্যাব সহকারী পদে গ্রেড-১৮ হতে গ্রেড-১৬-এ উন্নীত হওয়ার জন্য আবেদন গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তিও প্রকাশ করা হবে।



মোহাম্মদ শুকুর-আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

ও

সদস্য সচিব

এমপিও বাছাই ও অনুমোদন কমিটি